

ভ্রমের ব্যক্তি

তারিখ ০৩ ০৩ ২০১২  
গণনা ১৩

SEP. 03 2012

## সিটি ইউনিভার্সিটির যাত্রা শুরু

নবপ্রতিষ্ঠিত বেসরকারি বিশ্ববিদ্যালয় সিটি ইউনিভার্সিটি সেপ্টেম্বর থেকে কার্যক্রম শুরু করছে। প্রাথমিক পর্যায়ে বিবিএ এন্ড ব্যাচেলার ইন সিএস এন্ড ই : এমবিএ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ও ইংরেজি বিভাগে ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

দেশের ৩১তম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে সরকারি অনুমোদনপ্রাপ্তির পর গত রোববার দুপুরে ডিসিসিআই মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে সিটি ইউনিভার্সিটির উদ্যোক্তরা এ তথ্য প্রকাশ করেন। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন নতুন এই ইউনিভার্সিটির চেয়ারম্যান বিশিষ্ট শিল্পপতি আলহাজ্ব আনোয়ার হোসেন, ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এম শামসুল হক, প্রধান উপদেষ্টা ড. মিজানুর রহমান শেখী, রেজিস্ট্রার মিজা এম এ. মতিন, পরিচালক হোসেন আশুভার ও মনোয়ার হোসেন। এ সময় বিশ্ববিদ্যালয়টির অন্যান্য পরিচালকও উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, প্রাথমিক পর্যায়ে ৪০, কামাল আতাউর এভিনিউয়ে অবস্থিত ক্যাম্পাস থেকে সিটি ইউনিভার্সিটির কার্যক্রম শুরু হবে। পরবর্তী সময়ে কাপিয়ারেকরের চন্দ্রায় বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণ করা হবে। এজন্য শিল্পপতি আলহাজ্ব আনোয়ার হোসেন এই বিশ্ববিদ্যালয়কে ৩৮ বিঘা জমি দান করেছেন। আগামী ৫ বছরে এই বিশ্ববিদ্যালয়ের জন্য ৪০ কোটি টাকা ব্যয়ের পরিকল্পনা নেওয়া হয়েছে।

উদ্যোক্তরা আরো জানান, এই বিশ্ববিদ্যালয় মূল ক্যাম্পাসের পাশাপাশি পর্যায়ক্রমে চট্টগ্রাম, রাজশাহী, বগুড়া ও ঢাকার কেরানীগঞ্জে ক্যাম্পাস সম্প্রসারণ করা হবে। নতুন নতুন অনুষদ ও বিভাগ খোলার সঙ্গে সঙ্গে এই বিশ্ববিদ্যালয়ের অধীন মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠা করা হবে। অস্ট্রেলিয়া, আমেরিকা, ইংল্যান্ডসহ বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে সিটি ইউনিভার্সিটি সংযোগ স্থাপন করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করবে।